127

দৈনিক ইনকিলাব

তারিখ ... 09 AUG 1997 ...
পৃষ্ঠা ১২ কলাম ৬ ...




*ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের বর্ধিত বিভিন্ন ফিস প্রত্যাহারের দাবীতে ছাত্র ফেডারেশন গতকাল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘট* —ইনকিলাব

## বর্ধিত ফিস বাতিলের দাবীতে ভিসি'র কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের বর্ধিত বিভিন্ন ফিস প্রত্যাহারের দাবীতে ছাত্র ফেডারেশন গতকাল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের কার্যালয়ের সামনে অবস্থান ধর্মঘট করে। ক্যাম্পাসে মিছিল শেষে সংগঠনের কর্মীরা ভিসি অফিসের সামনে অবস্থান ধর্মঘট কর্মসূচী পালনকালে সংগঠনের নেতা জেনারেল সাকী, ফরহাদ হোসেন, উজ্জল বালো, ইয়াসিন মুকুল বক্তব্য রাখেন। তারা বর্ধিত সকল ফি পূর্ণ প্রত্যাহারের দাবী জানান। পরে তারা ভিসির সাথে সাক্ষাৎ করে এ দাবী জানান।